গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ,রাজশাহী
ফোন নম্বর : ০২৪৭-৮১২৫৩২ মোবাইল : ০১৩০৯-১২৭০৪৩
web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmsc@gmail.com
EIIN NO: 127043, COLLEGE CODE : 1032, SCHOOL CODE: 1975

# অ্যাসাইনমেন্ট

## শ্রেণি: তৃতীয়

## বিষয়: বাংলা

**প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ১, ২ ও ৩ নং ক্রমিক প্রশ্নের উত্তর লেখ?**

৭ই মার্চ ভাষণ দেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ওই ভাষণে তিনি স্বাধীনতা-সংগ্রামের ডাক দেন। মোস্তফা কামাল তখন চব্বিশ বছরের যুবক। এপ্রিল ১৯৭১। পাকিস্তানি হানাদার বাহিনী এগিয়ে আসছে ব্রাহ্মণবাড়িয়ার দিকে। তাদের ঠেকানোর জন্য মুক্তিযোদ্ধারা অবস্থান নিয়েছেন দরুইন গ্রামে। দলে মাত্র দশজন সৈন্য। অধিনায়ক সিপাহি মোহাম্মদ মোস্তাফা কামাল। ১৬, ১৭ ও ১৮ই এপ্রিল ১৯৭১। মোস্তফা কামাল খবর পেলেন পাকিস্তানি বাহিনী কুমিল্লার আখাউড়া রেললাইন ধরে এগিয়ে আসছে। তারা চাইছে ব্রাহ্মণবাড়িয়া দখল করতে। পাকিস্তানি বাহিনীরা মুক্তিযোদ্ধাদের উপর গোলাবর্ষণ শুরু করল। শুরু হয়ে গেল তুমুল যুদ্ধ। বেলা যত বাড়ে আক্রমণের তীব্রতা তত বাড়ে। হঠাৎ একটা গুলি এসে বিধল এক মুক্তিযোদ্ধার বুকে। তিনি মেশিনগান চালাচ্ছিলেন। মোস্তাফা কামাল পাশেই ছিলেন। তিনি এক মুহূর্তও দেরি না করে চালাতে লাগলেন মেশিনগান। এক সময় মোস্তফা কামাল সবাইকে সরে যেতে বললেন। তিনি একা গুলি চালিয়ে যাবেন। শেষ পর্যন্ত মোস্তফা কামালকে রেখে সবাই খুব সাবধানে পিছু হটলেন। অনরত গুলি চালিয়ে যাচ্ছেন মোস্তফা কামাল। তিনি একাই যেন মুক্তিবাহিনীর একটা দুর্গ। হঠাৎ একটা গোলা এসে পড়ল পরিখার মধ্যে। গোলার আঘাতে তাঁর শরীর ঝাঁঝরা হয়ে গেল। তাকে দরুইনের মাটিতে সমাহিত হতে হলো।

**১। শব্দগুলির অর্থ লেখ? (যে কোন পাঁচটি)**

আত্মদান, বীরশ্রেষ্ঠ, সমাহিত, নির্বিঘ্নে, ভূষিত, গোলা, পরিখা

**২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ?**

ক) স্বাধীনতার ডাক কে দিয়েছিলেন।

খ) স্বাধীনতার যুদ্ধে কারা কারা অংশগ্রহণ করেছিলেন এবং কেন যুদ্ধ করেছিলেন?

গ) মোস্তফা কামাল সম্পর্কে চারটি বাক্য লিখ?

**৩। যুক্তবর্ণ গুলো বিভাজন কর ও বাক্যে প্রয়োগ দেখাও। (যেকোনো পাঁচটি)**

ক্ষ, ঙ্গ, ঞ্জ, ল্প, ক্ত, ষ্ণ, ন্ড

**৪। কবিতার চরণগুলি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও?**

অরুণ প্রাতের তরুণ দল
চল্ রে চল্ রে চল্
চল্ চল্ চল্
ঊষার দুয়ারে হানি আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত,
আমরা টুটাব তিমির রাত,
বাধার বিন্ধ্যাচল।

ক) কোথায় আঘাত হেনে রাঙা প্রভাত আনা হবে?

খ) কবিতাংশটুকুর মূলভাব লেখ।

গ) তিমির রাত বলতে কি বোঝায়? বাধার বিন্ধ্যাচল টুটানোর অর্থ কি?

# Class: Three
# Subject: English

**Read the text and answer the questions 1, 2 and 3.**

Hello, I'm Riya Islam. I'm 8 years old. I'm a student and I'm in class 3 at Rajbari Primary School. Mahbub Alam is her English teacher.

1. **Match the words of Column A with their meaning that is mentioned in the text in Column B**

**(there are two extra).**

| Column A | Column B |
|---|---|
| (a) Year | (i) an institution where students are taught |
| (b) Student | (ii) fundamental or basic |
| (c) Class | (iii) follow something |
| (d) Primary | (iv) a period of 30 days |
| (e) School | (v) a group of students |
| | (vi) a period of 12 months |
| | (vii) one who learns or gains knowledge |

**2. Write 'True' for correct statement or 'False' for incorrect statement.**

a) Riya Islam is a student of class 3.
b) She goes to a primary school.
c) She is seven years old.
d) Riya is a nurse.
e) Mahbub Alam is a math teacher.

**3. Answer the following questions.**

a) Who is Riya Islam?
b) How old is she?
c) What class does she read in?
d) What is the name of her school?
e) What is the full name of Riya?

## শ্রেণি: তৃতীয়
## বিষয়: গণিত

**১। মিতা প্রতিদিন ৯ ঘন্টা বই পড়ে। রিতা প্রতিদিন ৮ ঘন্টা করে বই পড়ে এবং ২ ঘন্টা করে পত্রিকা পড়ে।**

ক. মিতা তিন দিনে কত ঘন্টা বই পড়ে ?
খ. রিতা ৬ দিনে কত ঘন্টা বই পড়ে ?
গ. রিতা ৭ দিনে কত ঘন্টা বই ও পত্রিকা পড়ে ?

**২। করিম সাহেবের বয়স ৩৫ বছর। তার মাতার বয়স ৬০ বছর এবং পিতার বয়স ৭৫ বছর।**

ক. ১৫ বছর পূর্বে করিম সাহেবের বয়স কত ছিল ?
খ. পিতার বয়স মাতার বয়স অপেক্ষা কত বেশি ?
গ. করিম সাহেবের এবং তার পিতার বয়সের পার্থক্য কত ?

**৩। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**

ক. রেখা ও বিন্দুর দুইটি করে বৈশিষ্ট্য লিখ।
খ. একটি তল অঙ্কন কর এবং অঙ্কিত চিত্রের ২ টি বৈশিষ্ট্য লিখ।
গ. কোণভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকারের চিত্রআঁক ।